

রংপুর বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হলো

শিক্ষা উপদেষ্টার উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক, রংপুর

অবশেষে আনুষ্ঠানিক যাত্রা শুরু হলো রংপুর বিশ্ববিদ্যালয়ের। গতকাল বুধবার সকালে শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিহুর রহমান রংপুর শহরের ধাপ এলাকায় অবস্থিত টিচার্স ট্রেনিং কলেজে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের উদ্বোধন করেন। এরপর উদ্বোধনস্থল থেকে সার্কিট হাউস পর্যন্ত একটি আনন্দ মিছিলের বের করা হয়। এতে বিভিন্ন পেয়ার সুধীজন যোগ্য দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও রংপুরের সতান ড. এম লুৎফর রহমানকে এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিযুক্ত করা হয়েছে। আপাতত বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম টিচার্স ট্রেনিং কলেজে পরিচালিত হবে। আগামী জানুয়ারি মাস থেকে ডিভিপ্রক্রিয়া ও ক্লাস শুরু করা হবে।

রংপুর বিশ্ববিদ্যালয়ে চারটি অনুষদে বাংলা, ইংরেজি, গণিত, অর্থনীতি, বিবিএ ও কম্পিউটার বিভাগ থাকবে। কারমাইকেল কলেজের ৭৫ একর জমিতে ১০০ কোটি টাকা ব্যয়ে শিগগিরই বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোর কার্যক্রম শুরু করা হবে বলে প্রধান প্রকৌশলী (শিক্ষা) এ কে এম শাহমুহাম্মাদ পাটোয়ারী গতকাল তার বক্তৃতায় উল্লেখ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় ড.

হোসেন জিহুর বলেন, 'রংপুর অঞ্চলের মানুষের দীর্ঘদিনের প্রাণের দাবি আর পূরণ হলো। আমরা সময় আনন্দের বার্তা নিয়ে রংপুরে নতুন বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু হলো। উপদেষ্টা আরও বলেন, রংপুরের প্রতীক হলো মসজিদ। সেই মসজিদ দূর হতে চলেছে। মসজিদ দূর করতে এখানে অনেক ধরনের কার্যক্রম চলবে। আর তাই এ

বিশ্ববিদ্যালয়ে এখন একটা অভাব নেই। শিক্ষা উপদেষ্টা আরও বলেন, দেশে নির্বাচন নিয়ে কোনো সংশয় নেই। আজই (বুধবার) ঢাকায় গিয়ে রাতে বেগম কালেনা জিয়ার সঙ্গে আলোচনায় বসব। আগামীকাল (বৃহস্পতিবার) আওয়ামী লীগের সঙ্গে বৈঠক করব।

উদ্বোধনী অনুষ্ঠানে রাজশাহী বিভাগীয় কমিশনার হাফিজুর রহমান ডেপুটি সচিবপদে দায়িত্ব পালন করেন জেলা প্রশাসক আব্দুল আহাদ। আরও বক্তব্য করেন রংপুর বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য ড. এম লুৎফর রহমান, ছাত্তাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য আমিনুল ইসলাম চৌধুরী, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব এ জেড এম শফিকুল আলম, রংপুর কারমাইকেল কলেজের সাবেক অধ্যক্ষ ড. রেজাউল হক। অনুষ্ঠানে শিক্ষাবিদ, ব্যবসায়ী, আইনজীবী, রাজনীতিবিদসহ বিভিন্ন পেয়ার লোকজন উপস্থিত ছিলেন।